# কর্পোরেশনের আকর্ষণীয় বীমা স্কিমসমূহ

- সর্বজনীন শিক্ষা বীমা (লাভসহ)
- দেনমোহর বীমা
- প্রত্যাশিত মেয়াদী বীমা (লাভসহ)
- মেয়াদী বীমা (লাভসহ)
- হজ্জ বীমা (লাভসহ)
- প্রগতিশীল মেয়াদী বীমা
- ম্যারেজ এন্ডাওমেন্ট বীমা (লাভসহ)
- বহু কিস্তি বীমা (লাভসহ)
- মানি ব্যাক টার্ম বীমা (লাভবিহীন)
- দ্বৈত-নিরাপত্তা মেয়াদী বীমা
- ট্রিপল প্রটেকশন বীমা (লাভসহ)
- একক প্রিমিয়াম বীমা
- প্রমিলা ডিপিএস বীমা (লাভসহ)
- যুগ্ম মেয়াদী বীমা (লাভসহ)
- শিশু নিরাপত্তা বীমা।
- জেবিসি মাসিক সঞ্চয়ী স্কিম
- জেবিসি প্রত্যাশিত মাসিক সঞ্চয়ী স্কিম


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)


সুখে দুঃখে আপনজন,
জীবন বীমা কর্পোরেশন।

"সকল শ্রেণি-পেশার মানুষের জীবনের ঝুঁকি গ্রহণের মাধ্যমে তাদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করা এবং জনগণকে সঞ্চয়মুখী করে তাদের জীবন-যাত্রার মান উন্নয়ন করাই জীবন বীমা কর্পোরেশনের মুল উদ্দেশ্য।"

## মানি ব্যাক টার্ম পলিসি (লাভবিহীন) টেবিল-৫০

**Money Back Term Insurance Policy (Without Profit) (Table-50)**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)
প্রধান কার্যালয়: ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোন: ০২২২৩৩৮৫৭২০
ই-মেইল: tad@jbc.gov.bd
Web: jbc.gov.bd



## মানি ব্যাক টার্ম পলিসি (লাভবিহীন) টেবিল-৫০

**Money Back Term Insurance Policy (Without Profit) (Table-50)**





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

## তালিকা নং-৫০
# মানি ব্যাক টার্ম বীমা (লাভবিহীন)

**ভূমিকা:**

তুলনামূলক কম প্রিমিয়ামে পরিবারের আর্থিক নিরাপত্তার ব্যবস্থা করাই এ বীমা পরিকল্পনার প্রধান উদ্দেশ্য। তাছাড়া ঋণগ্রহীতার অনাকাঙ্খিত মৃত্যুতে প্রিয়জন কে ঋণের দায় থেকে মুক্ত রাখতে স্বল্প প্রিমিয়ামের এই বীমার অবদান অপরিসীম।

**যাদের জন্য উপযোগী:**

বিভিন্ন পদে কর্মরত ব্যক্তিবর্গ, প্রবাসীগণ, ব্যবসায়ীগণ অথবা অন্যান্য পেশাজীবী যারা অল্প প্রিমিয়াম দিয়ে জীবনের ঝুঁকি গ্রহণ করতে ইচ্ছুক। এছাড়াও যে সমস্ত ধর্মপ্রাণ ব্যক্তি, প্রতিষ্ঠান হতে সুদমুক্ত অবস্থায় অর্থাৎ শুধুমাত্র জমাকৃত টাকা পেতে আগ্রহী তাদের জন্য এ আকর্ষনীয় বীমাটি উপযোগী।

**বৈশিষ্ট্যাবলী/সুবিধাবলী:**

- প্রবেশকালীন বয়স: সর্বনিম্ন ২০ বছর এবং সর্বোচ্চ ৪৫ বছর।
- সর্বনিম্ন বীমা ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা। সর্বোচ্চ বীমার অঙ্ক ৫,০০,০০০.০০ (পাঁচ লাখ) টাকা।
- মেয়াদ: ১০, ১৫ ও ২০ বছর।
- মেয়াদপূর্তীকালীন বয়স সর্বোচ্চ ৬০ বছর।
- প্রিমিয়াম পরিশোধ পদ্ধতি: বার্ষিক।
- মেয়াদ পূর্তির পূর্বে বীমাগ্রাহকের মৃত্যু হলে বীমাকৃত টাকা নমিনীকে প্রদান করা হবে।
- বীমা অংক, প্রিমিয়াম প্রদান পদ্ধতির জন্য রেয়াত প্রযোজ্য নয়।
- এ বীমায় প্রয়োজনীয় ডাক্তারী পরীক্ষার রিপোর্ট প্রদান করতে হবে।
- বীমাগ্রহীতা মেয়াদান্তে (অতিরিক্ত প্রিমিয়াম বাদে) সকল প্রিমিয়াম ফেরত পাবে।
- এ পরিকল্পনায় ঋণ ও পরিশোধিত মূল্য গ্রহণ প্রযোজ্য নয়, তবে কমপক্ষে ৬ বছর পলিসি চালু থাকলে সমর্পণযোগ্য।
- এই বীমার সাথে কোন অতিরিক্ত বীমা সুবিধা গ্রহণ করা যাবে না।
- মরণোত্তর দাবীর টাকা আয়করমুক্ত।

তালিকা নং-৫০
মানি ব্যাক টার্ম বীমা (লাভবিহীন)

(প্রতি হাজার বীমা অংকের জন্য প্রদেয় বার্ষিক প্রিমিয়ামের হার)

| বয়স | প্রিমিয়াম | | |
|---|---|---|---|
| | ১০ বছর মেয়াদ | ১৫ বছর মেয়াদ | ২০ বছর মেয়াদ |
| ২৫ | ১৬.০০ | ৯.০০ | ৮.০০ |
| ২৬ | ১৭.০০ | ১০.০০ | ৮.০০ |
| ২৭ | ১৭.০০ | ১০.০০ | ৯.০০ |
| ২৮ | ১৮.০০ | ১১.০০ | ৯.০০ |
| ২৯ | ১৮.০০ | ১১.০০ | ১০.০০ |
| ৩০ | ১৯.০০ | ১২.০০ | ১০.০০ |
| ৩১ | ২০.০০ | ১৩.০০ | ১১.০০ |
| ৩২ | ২০.০০ | ১৩.০০ | ১২.০০ |
| ৩৩ | ২২.০০ | ১৪.০০ | ১৩.০০ |
| ৩৪ | ২৩.০০ | ১৫.০০ | ১৪.০০ |
| ৩৫ | ২৪.০০ | ১৬.০০ | ১৫.০০ |
| ৩৬ | ২৬.০০ | ১৮.০০ | ১৬.০০ |
| ৩৭ | ২৮.০০ | ১৯.০০ | ১৭.০০ |
| ৩৮ | ৩০.০০ | ২১.০০ | ১৯.০০ |
| ৩৯ | ৩৩.০০ | ২৩.০০ | ২০.০০ |
| ৪০ | ৩৫.০০ | ২৫.০০ | ২২.০০ |
| ৪১ | ৩৭.০০ | ২৭.০০ | |
| ৪২ | ৪১.০০ | ২৯.০০ | |
| ৪৩ | ৪৫.০০ | ৩১.০০ | |
| ৪৪ | ৪৮.০০ | ৩৪.০০ | |
| ৪৫ | ৫২.০০ | ৩৬.০০ | |

**উদাহরণ-১:**

৩৫ বছর বয়সের একজন ব্যক্তি ৫,০০,০০০/- টাকার ১টি মানি ব্যাক টার্ম বীমা জেবিসি হতে গ্রহণ করলে তার প্রিমিয়াম ও দাবী নিম্নরূপ:

(ক)১০ বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক প্রিমিয়াম ১২,০০০/- টাকা। মেয়াদ শেষে শুধুমাত্র জমাকৃত প্রিমিয়াম ১,২০,০০০/- টাকা প্রাপ্য হবেন। মেয়াদ পূর্তির পূর্বে বীমাগ্রাহকের মৃত্যু হলে বীমাকৃত (৫ লক্ষ) টাকা নমিনীকে প্রদান করা হবে।

(খ) ১৫ বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক প্রিমিয়াম ৮,০০০/- টাকা। মেয়াদ শেষে শুধুমাত্র জমাকৃত প্রিমিয়াম ১,২০,০০০/- টাকা প্রাপ্য হবেন। মেয়াদ পূর্তির পূর্বে বীমাগ্রাহকের মৃত্যু হলে বীমাকৃত (৫ লক্ষ) টাকা নমিনীকে প্রদান করা হবে।

(গ) ২০ বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক প্রিমিয়াম ৭,৫০০/- টাকা। মেয়াদ শেষে শুধুমাত্র জমাকৃত প্রিমিয়াম ১,৫০,০০০/- টাকা প্রাপ্য হবেন। মেয়াদ পূর্তির পূর্বে বীমাগ্রাহকের মৃত্যু হলে বীমাকৃত (৫ লক্ষ) টাকা নমিনীকে প্রদান করা হবে।

**উদাহরণ - ২:**

৪০ বছর বয়সের একজন ব্যক্তি ৫,০০,০০০/- টাকার ১টি মানি ব্যাক টার্ম বীমা জেবিসি হতে গ্রহণ করলে তার প্রিমিয়াম ও দাবী নিম্নরূপ:

(ক)১০ বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক প্রিমিয়াম=১৭,৫০০/- টাকা। মেয়াদ শেষে শুধুমাত্র জমাকৃত প্রিমিয়াম ১,৭৫,০০০/- টাকা প্রাপ্য হবেন। মেয়াদ পূর্তির পূর্বে বীমাগ্রাহকের মৃত্যু হলে বীমাকৃত (৫ লক্ষ) টাকা নমিনীকে প্রদান।

(খ) ১৫ বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক প্রিমিয়াম ১২,৫০০/- টাকা। মেয়াদ শেষে শুধুমাত্র জমাকৃত প্রিমিয়াম ১,৮৭,৫০০/- টাকা প্রাপ্য হবেন। মেয়াদ পূর্তির পূর্বে বীমাগ্রাহকের মৃত্যু হলে বীমাকৃত (৫ লক্ষ) টাকা নমিনীকে প্রদান করা হবে।

(গ) ২০ বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক প্রিমিয়াম ১১,০০০/- মেয়াদ শেষে শুধুমাত্র জমাকৃত প্রিমিয়াম ২,২০,০০০/- টাকা প্রদান করা হবে।

**দাবী নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি:**

**মেয়াদোত্তর দাবীর ক্ষেত্রে:**

১। বীমা দলিল, ২। বীমাগ্রাহকের ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি, ৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।

**মরণোত্তর দাবী ক্ষেত্রে:**

দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রাদি- ১।বীমা দলিল, ২। দাবী ফরম, ৩। নমিনীর ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি, ৪। জাতীয় পরিচয়পত্রের ফটেকপি, ৫। মৃত্যুসনদপত্র, ৬।কবরস্থান সনদপত্র, ৭।চেয়ারম্যান/কাউন্সিলরের প্রত্যয়ন পত্র ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।

মুদ্রণ: ০১/০৬/২০২৩